গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৬
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lawjusticediv.gov.bd

নম্বর: ১০.০০.০০০০.১৩০.০৮.০০১.১৯-১৭৩

তারিখ: ০৬ শ্রাবণ ১৪৩২ / ২১ জুলাই ২০২৫

প্রজ্ঞাপন

আইন ও বিচার বিভাগের নিয়ন্ত্রণাধীন নিবন্ধন অধিদপ্তরের অধীনস্থ জনাব রায়হান মিয়া, সাব-রেজিস্ট্রার, গজারিয়া, মুন্সীগঞ্জ-কে যুক্তরাষ্ট্রের Harvard Kennedy School, Harvard University এ Master in Public Policy (MPP) বিষয়ে অধ্যয়নের নিমিত্ত তাঁকে নিবন্ধন অধিদপ্তরে সংযুক্তক্রমে আগামী ০১-০৮-২০২৫ খ্রি. হতে ৩১-০৭-২০২৭ খ্রি. তারিখ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য নিম্নলিখিত শর্তে যুক্তরাষ্ট্র গমনের অনুমতিসহ শিক্ষা ছুটি মঞ্জুর করা হলো:

শর্তসমূহ:

(ক) এ ছুটি তাঁর ছুটির হিসাব হতে বাদ যাবে না;
(খ) এ বিষয়ে তিনি কোনো শিক্ষা ভাতা প্রাপ্ত হবেন না;
(গ) তিনি তাঁর শিক্ষা ছুটিকালীন সময়ে অর্ধগড় বেতনে বেতন প্রাপ্য হবেন এবং অন্যান্য ভাতাদি বিধি মোতাবেক প্রাপ্য হবেন;
(ঘ) এ অধ্যয়নে বাংলাদেশ সরকারের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না;
(ঙ) শিক্ষাছুটির মেয়াদ শেষ হওয়ার পূর্বে সরকার কর্তৃক অন্য কোনো নির্দেশ প্রদান না করা হলে উক্ত মেয়াদকাল শেষ হওয়া মাত্রই তিনি দেশে প্রত্যাবর্তন করবেন;
(চ) সরকারের অনুমতি ব্যতীত উক্ত মেয়াদ শেষে বিদেশে অবস্থান করলে তা অবৈধ অনুপস্থিতি হিসেবে গণ্য হবে;
(ছ) বিদেশে অবস্থানকালে তিনি কোনো ঋণ গ্রহণ করতে পারবেন না এবং বিদেশ হতে আসার পূর্বে সকল বকেয়া পরিশোধ করবেন;
(জ) উক্ত কোর্স সম্পন্নের পর তিনি অবিলম্বে কর্মস্থলে যোগদান করবেন এবং সফলভাবে কোর্স সমাপ্তির সার্টিফিকেট সরকারের নিকট দাখিল করবেন;
(ঝ) মঞ্জুরকৃত এ ছুটির বিষয়ে সংশ্লিষ্ট সকল বিধি-বিধান প্রযোজ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

21.07.2025

(হাসান মাহমুদুল ইসলাম)
উপসচিব (রেজিস্ট্রেশন)
ফোন: ৪১০৫২৬৮৫

নম্বর: ১০.০০.০০০০.১৩০.০৮.০০১.১৯-১৭৩/১(১৫)

তারিখ: ২১-০৭-২০২৫ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
২. মহা-পরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আবদুল গণি রোড, ঢাকা (জনাব রায়হান মিয়া, সাব-রেজিস্ট্রার, গজারিয়া, মুন্সীগঞ্জ-কে আজ অপরাহ্নে বর্তমান কর্মস্থলে দায়িত্বভার হস্তান্তর পূর্বক অবিলম্বে নিবন্ধন অধিদপ্তরে সংযুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৩. মহাপরিচালক, বহিরাগমন ও আঞ্চলিক পাসপোর্ট অফিস, ঢাকা
৪. পরিচালক, হযরত শাহজালাল (রহঃ) আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা
৫. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

৭. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
৮. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
৯. ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল (রহঃ) আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা
১০. জেলা রেজিস্ট্রার, মুন্সীগঞ্জ
১১. ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মুন্সীগঞ্জ
১২. জনাব রায়হান মিয়া, সাব-রেজিস্ট্রার, গজারিয়া, মুন্সীগঞ্জ (আজ অপরাহ্নে বর্তমান কর্মস্থলে বিধিমত দায়িত্বভার হস্তান্তর পূর্বক অবিলম্বে নিবন্ধন অধিদপ্তরে যোগদানের নির্দেশনাসহ)
১৩. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১৪. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ
১৫. অফিস কপি/গার্ডকপি

২২.০৭.২৫

(মোহাম্মদ আযিযুর রহমান)
সিনিয়র সহকারী সচিব